

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮-৪৫

পানিসাগর, ১৬ নভেম্বর, ২০২৪

পানিসাগরে মহারাস লীলা উৎসব অনুষ্ঠিত

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং দেওছড়া শ্রী শ্রী মহারাস লীলা কমিটির যৌথ উদ্যোগে
গতকাল পানিসাগর মহকুমার দেওছড়া শ্রী শ্রী রাধামাধব মন্দিরে মহারাস লীলা উৎসব
অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করেন বিধায়ক বিনয়ভূষণ দাস। উৎসবের উদ্বোধন করে
বিধায়ক শ্রী দাস বলেন, আমাদের দেশের চিরাচরিত কৃষ্ণ ও সংস্কৃতি আরও উঁচুতে তুলে
ধরার জন্য প্রয়াস নেওয়া হয়েছে। এই ধরণের উৎসবে সমাজের সব অংশের মানুষের
অংশগ্রহণের ফলে সংস্কৃতির আদান প্রদান এবং মানুষের মধ্যে ঐক্য ও সংহতি আরও
দৃঢ় হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের
সভাধিপতি অপর্ণা নাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাধিপতি ভবতোষ দাস,
সমাজসেবী কাজল দাস, সমাজসেবী ড. তমজিঁ নাথ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন
দেওছড়া মহারাস লীলা কমিটির সভাপতি সন্দীপন শর্মা।
